

বিভাগীয়-শিক্ষক
সম্মেলন-কমিটি
অনুসরণ-১৪৪-২০২৪
শিক্ষক-সম্মেলন
আনুসরণ-১৪৪-২০২৪
শিক্ষক-সম্মেলন
আনুসরণ-১৪৪-২০২৪
শিক্ষক-সম্মেলন
আনুসরণ-১৪৪-২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.৬৯

তারিখ: ২১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরের নভেম্বর-ডিসেম্বর প্রান্তে অনলাইনে আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০' অনুসরণপূর্বক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হয়।

২। চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য চিকিৎসাধীন শিক্ষার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের <https://www.eservice.pmeat.gov.bd/medical> -এ লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী বর্ণিত লিংক ব্যবহার করে অনলাইনে তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবেন এবং দুর্ঘটনায় গুরুতর আহত ও হাসপাতালে চিকিৎসা গ্রহণের সময়কাল বিজ্ঞপ্তি প্রকাশের অর্থবছর অথবা ১ এক বছরের মধ্যে হতে হবে। চিকিৎসা অনুদানের জন্য আবেদনের ক্ষেত্রে দুর্ঘটনা প্রমাণে জেলা পর্যায়ের সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক/উপজেলা পর্যায়ের উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক 'গুরুতর আহত'-র সমর্থনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদ, চিকিৎসা গ্রহণ সংক্রান্ত প্রয়োজনীয় রিপোর্ট ও ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন গ্রহণপূর্বক অনলাইনে আপলোড করতে হবে। শিক্ষার্থীকে আবেদনের সময় শিক্ষার্থী বা পিতা/মাতা-র নিজ ব্যাংক হিসাব নম্বর উল্লেখ করতে হবে। এক্ষেত্রে এজেন্ট ব্যাংকিং হিসাব নম্বর গ্রহণযোগ্য নয়।

৩। বর্ণিত অবস্থায়, দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০ ও ই-চিকিৎসা অনুদান ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীদের ২০২৪-২৫ অর্থবছরের নভেম্বর-ডিসেম্বর প্রান্তের আবেদন আগামী ৩১/১২/২০২৪ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত 'ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেম' ব্যবহার করে অনলাইনে করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬-১১-২০২৪

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
০২-৫৫০০০৪২৮
ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিস (সকল) [সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিজ্ঞপ্তি অবহিত করার অনুরোধসহ।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.৬৯/১ (১২)

তারিখ: ২১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: জেশিঅ/পাব/২০২৪/ ৩২১০
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৪ খ্রি

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), পাবনা। উপরোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরের নভেম্বর-ডিসেম্বর প্রান্তে অনলাইনে আবেদন সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অনুরোধ করা হলো।

২। অফিস।

(মোঃ রাস্তম আলী হেলালী)
জেলা শিক্ষা অফিসার
পাবনা।